অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের নর্থ কান্ট্রি অঞ্চলে WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজ আসার ঘোষণা করলেন

আন্তর্জাতিক UCI মাউন্টেন বাইক প্রতিযোগিতাটি শীর্ষ সাইকেলচালকদের 27-29 সেপ্টেম্বর, 2024 এ লেক প্ল্যাসিডের অ্যাডিরন্ড্যাক মাউন্টেনে নিয়ে আসবে

1932 এবং 1980 উইন্টার অলিম্পিক গেমস অনুষ্ঠিত হওয়ার স্থান, লেক প্ল্যাসিডে অলিম্পিক রিজিয়নাল ডেভেলপমেন্ট অথোরিটির ফ্যাসিলিটি এবং অন্যান্য ক্রীড়ার অবকাঠামো হালনাগাদ করতে স্টেটের 550 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অনুবর্তী

নিউ ইয়র্কের 123 বিলিয়ন মার্কিন ডলারের পর্যটন শিল্পখাতকে সমর্থন করতে গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী

টিকেট বিক্রি শুরু হবে আগামীকাল - টিকেট এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে লেক প্ল্যাসিড 27-29 সেপ্টেম্বর, 2024 তারিখে WHOOP ইউনিয়ন সাইক্লিস্ট ইন্টারন্যাশনাল (Union Cycliste Internationale, UCI) মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজের (WHOOP UCI Mountain Bike World Series) একটি রাউন্ড আয়োজন করবে - এটি বিশ্বের শীর্ষ মাউন্টেন বাইকিং সার্কিট। কয়েক হাজার বিশ্বস্ত ভক্ত নিয়ে, WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজ বিশ্বের শীর্ষ পেশাদার মাউন্টেন বাইক চালকদের তিনটি UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড কাপে (UCI Mountain Bike World Cups) অংশ নেওয়ার জন্য লেক প্ল্যাসিডে নিয়ে আসবে: UCI ক্রস-কান্ট্রি অলিম্পিক (UCI Cross-country Olympic), UCI ক্রস কান্ট্রি শর্ট ট্র্যাক (UCI Cross-country Short Track) এবং UCI ক্রস কান্ট্রি ম্যারাথন (UCI Cross-country Marathon)।

ঘোষণাটি নিউ ইয়র্কের ক্রীড়া অবকাঠামোর সংস্কার করতে অলিম্পিক রিজিয়নাল ডেভেলপমেন্ট অথোরিটিতে (Olympic Regional Development Authority) স্টেটের 550 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগের অনুবর্তী এবং এটি স্টেটের 123 বিলিয়ন মার্কিন ডলারের পর্যটন শিল্পখাতকে সমর্থন করতে গভর্নরের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গড়ে উঠেছে। ইভেন্টের তিনটি নারী ও পুরুষের রেসের জন্য টিকেট বিক্রি শুরু হবে আগামীকাল, 6 মার্চ।

"WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজ হবে নর্থ কান্ট্রিতে কী আছে তা বিশ্বকে দেখানোর আমাদের পরবর্তী বড় সুযোগ," **গভর্নর হোকল বলেন।** "এই সেপ্টেম্বরে, সারা বিশ্বের কয়েক হাজার অ্যাথলেট এবং দর্শক আমাদের মনোমুগ্ধকর দৃশ্য, বিশ্বমানের ক্রীড়া ফ্যাসিলিটি, প্রাণবন্ত ব্যবসা, এবং শীর্ষমানের খাবার দাবারের ব্যবস্থা উপভোগ করার জন্য লেক প্ল্যাসিডে ভিড় করবে। নিউ ইয়র্ক স্টেট নর্থ কান্ট্রিতে একটি সারাবছরের গন্তব্য তৈরি করছে, এবং নিজেদের টিকেট কিনে এই বছরের উৎসবের একটি অংশ হওয়ার জন্য আমি নিউ ইয়র্কবাসী ও পর্যটকদের উৎসাহিত করছি।"

লেক প্ল্যাসিডের মাউন্ট ভ্যান হোভেনবার্গ হলো তিনটি মহাদেশের দশটি দেশজুড়ে হওয়া এই সিরিজের 15টি স্টপের একটি, যা ব্রাজিলের মাইরিপোরায় 12-14 এপ্রিল এবং আরাক্সাতে 19-21 এপ্রিল এই দুই সপ্তাহান্তের ক্রস কান্ট্রি রেস দ্বারা শুরু হবে। গতানুগতিক ক্রস কান্ট্রি এবং ডাউনহিল ফরম্যাট নিয়ে এবং একই সাথে ক্রস কান্ট্রি ম্যারাথন, এনডিউরো, এবং ই-এনডিউরোর মতো সিরিজের জন্য নতুন ফরম্যাট নিয়ে সিরিজটি অক্টোবরের প্রথম সপ্তাহান্ত পর্যন্ত অব্যাহত থাকবে।

শাপাশি, অলিম্পিক অথোরিটি এবং সম্প্রচারের ব্যবস্থাপনা করা বৈশ্বিক প্রোমোটার ওয়ার্নার ব্রাদার্স ডিসকভারি স্পোর্টস, এবং WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজের সংগঠন রেস আয়োজন করার জন্য এবং সারা বিশ্বে এই ক্ষেত্রটির বিকাশে সাহায্য করার জন্য একটি তিন বছরের চুক্তিতে প্রবেশ করবে। WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজের 16টি সপ্তাহান্তের প্রত্যেকটি মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাক্স স্ট্রিমিং সেবায় B/R স্পোর্টস হাবে দেখানো হবে।

মাউন্টেন বাইক 1996 সালে আটলান্টা গেমসে প্রথম অলিম্পিক যাত্রা শুরু করে এবং এর পরের ছয়টি সামার গেমসের প্রতিটিতে নারী ও পুরুষের ক্রস কান্ট্রি অলিম্পিক রেসিং নিয়ে অলিম্পিক কর্মসূচির অংশ ছিলো। 2024 WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজটি প্যারিস অলিম্পিক গেমস চলাকালে একটি বিস্তৃত মধ্য মৌসুমের বিরতি নিবে, যা 26 জুলাই থেকে 11 আগস্ট পর্যন্ত চলবে। 6-8 সেপ্টেম্বর সিরিজটি পুনরায় শুরু হবে এবং 6-8 সেপ্টেম্বরে ফ্রান্সের লোডেনভিয়েলে ডাউনহিল ও এনডিউরো রেস হবে, এবং এর পর লেক প্ল্যাসিডে ক্রস কান্ট্রি রেস হবে এবং 4-6 অক্টোবর, কুইবেকের মন্ট-সেইন-অ্যানে সিজন ফিনালে হবে।

অলিম্পিক অথোরিটির প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাশলি ওয়াল্ডেন বলেন, "লেক প্ল্যাসিডে প্রথমবারের মতো এই মাত্রার মাউন্টেন বাইকিং ইভেন্টকে উপস্থাপন করতে পেরে আমরা অতি আনন্দিত। এটি আমাদের ভেন্যুর জন্য একটি অনন্য সুযোগ, যা ঐতিহাসিকভাবে শীতকালীন কর্মকাণ্ডের উপর মনোযোগ দিয়ে এসেছে। সাম্প্রতিক উন্নয়নকাজসমূহ অলিম্পিক অথোরিটির জন্য সারা বছরজুড়ে বিশিষ্ট ইভেন্ট ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে আমাদের কর্মকাণ্ড সম্প্রসারিত করা সম্ভব করেছে এবং এখন একটি সামার অলিম্পিক ক্রীড়া যোগ করার মাধ্যমে আমরা একটি নতুন অধ্যায় শুরু করবো।"

ওয়ার্নার ব্রাদার্স ডিসকভারি স্পোর্টসের (Warner Bros. Discovery Sports, WBD) সাইক্লিং ইভেন্টসের ভাইস প্রেসিডেন্ট ক্রিস বল বলেন, "2023 এ সূচনার পর, 2024 WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজ ক্যালেন্ডারে উভয় আইকনিক ভেন্যু এবং নতুন

গন্তব্যকে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত। বহু বছরের মধ্যে আন্তর্জাতিক মাউন্টেন বাইকের সর্ববৃহৎ এই সম্প্রসারণে, ব্লকবাস্টার এই বছরে ছয়টি নতুন ভেন্যু যুক্ত করা হবে, যার ফলে ইভেন্টটি মোট 15 সপ্তাহান্তজুড়ে হবে। সাউথ আমেরিকায় সম্প্রসারণ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের লেক প্ল্যাসিড, ইতালির ট্রেনটিনো এবং ফ্রান্সের হটে-স্যাভয়ে দীর্ঘমেয়াদি চুক্তির হবে পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি রেসিংসহ একটি মৌসুমের হলমার্কসমূহ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লিভাই বলেন, "লেক প্ল্যাসিড এবং মহিমান্বিত অ্যাডিরন্ড্যাক মাউন্টেনে WHOOP UCI মাউন্টেন বাইক সিরিজকে স্বাগত জানাতে পেরে আই লাভ NY আনন্দিত। নিউ ইয়র্কের বিশ্বমানের অলিম্পিক ফ্যাসিলিটির প্রতিযোগিতার তালিকায় এটি দুর্দান্ত একটি সংযোজন হবে। ঠাণ্ডা, তাজা হেমন্তের হাওয়া মাউন্টেন বাইকিংয়ের জন্য আদর্শ, এবং ফল ফলিয়েজ চালক ও দর্শকদের জন্য একটি রঙ্গিন পটভূমি প্রদান করবে। WHOOP UCI মাউন্টেন বাইক সিরিজের অভিজ্ঞতা নিতে এবং পুরো অ্যাডিরন্ড্যাকজুড়ে অবস্থিত বিশ্বমানের আকর্ষণ, লজিং এবং ডাইনিং, যা আমাদের সুন্দর ফল মৌসুমে নিউ ইয়র্ককে ভালোবাসা অত্যন্ত সহজ করে দেয়, তা উপভোগ করতে আসার জন্য আমরা বাসিন্দা ও পর্যটক সকলকে আমন্ত্রণ জানাচ্ছি।"

<u>পর্যটন শিল্পের জন্য গভর্নর হোকলের সহায়তা</u>

গভর্নর হোকল নিউ ইয়র্কের পর্যটন শিল্পকে সহায়তা করার ক্ষেত্রে একটি শক্তিশালী অঙ্গীকারাবদ্ধতা বজায় রেখেছেন, যে শিল্পটি এই স্টেটের প্রধান অর্থনৈতিক চালিকা শক্তিগুলোর মধ্যে একটি। নিউ ইয়র্ক 2022 সালে 291.5 মিলিয়ন পর্যটককে স্বাগত জানিয়েছে, এটি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক পর্যটক, পর্যটন, অর্থনৈতিক বিকাশ, আউটডোর বিনোদন, পরিবহন, এবং অন্যান্য মুখ্য খাতে ঐতিহাসিক বিনিয়োগের পর এর দ্বারা 78.6 বিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ ব্যয় এবং 123 বিলিয়ন মার্কিন ডলার মোট অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করেছে।

প্রতিশ্রুতির অংশ হিসেবে, গভর্নর নিউ ইয়র্ক স্টেটকে বৈশ্বিক শীতকালীন ক্রীড়া গন্তব্য হিসেবে পুনরায় প্রতিষ্ঠা করতে সাহায্য করার জন্য অলিম্পিক অথোরিটির ফ্যাসিলিটিসমূহকে 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উল্লেখযোগ্য বিনিয়োগকে সমর্থন করেছেন। এইসব বিনিয়োগ গত বছর লেক প্ল্যাসিডে আয়োজিত 2023 FISU উইন্টার ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের মতো মুখ্য ক্রীড়া ইভেন্টকে সমর্থন করেছে। টেকসই দশা এবং আর্থিক দায়বদ্ধতাকে কেন্দ্রে রেখে মুখ্য রূপান্তর ও আধুনিকায়নের কাজ সম্পাদন করা হয়েছে। সেই সাথে, ইভেন্ট প্রোমোটার এবং অর্গানাইজার WBD স্পোর্টস সম্প্রতি টেকসই ইভেন্ট ব্যবস্থাপনা করার প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য ISO20121 প্রত্যয়ন পেয়েছে। তাদের ইভেন্ট ব্যবস্থাপনা অনুশীলনে যেই টেকসই বৈশিষ্ট্য সংযুক্ত করার কাঠামোগত ফ্রেমওয়ার্ক রয়েছে, প্রত্যয়নটি সেটিকে অনুমোদিত করে।

অলিম্পিক অথোরিটি ভেন্যুর মধ্যে রয়েছে মাউন্ট ভ্যান হোভেনবার্গ, অলিম্পিক সেন্টার, অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স, এবং তিনটি স্কি এলাকা: বেলায়ের মাউন্টেন, গোর মাউন্টেন, এবং হোয়াইটফেস মাউন্টেন ফ্যাসিলিটিসমূহ হলো উন্মুক্ত সারা বছরের ইভেন্ট, অ্যাথলেট প্রশিক্ষণ, এবং বিনোদন, এবং একই সাথে বিশ্বমানের অভিজ্ঞতা ও প্রতিযোগিতা প্রদান করা।অ্যাডিরন্ড্যাক এবং ক্যাটস্কিলের তাদের তিনটি ভেন্যুর পাশাপাশি, অলিম্পিক অথোরিটি লেক প্ল্যাসিড

অলিম্পিক মিউজিয়াম এবং লেক প্ল্যাসিড কনফারেন্স সেন্টারের ব্যবস্থাপনা করে থাকে। সংগঠনটি এছাড়াও মার্কিন যুক্তরাষ্ট্রের অলিম্পিক এবং প্যারালিম্পিক প্রশিক্ষণ কেন্দ্র (U.S. Olympic and Paralympic Training Center), মার্কিন যুক্তরাষ্ট্রের লুজ অ্যাসোসিয়েশন (U.S. Luge Associatio) ফ্যাসিলিটি, এবং অলিম্পিক অথোরিটির কর্পোরেট অফিসসমূহের মালিক, যার সবগুলি লেক প্ল্যাসিডে অবস্থিত।

টুরিজম ইকোনমিক্সের (Tourism Economics) সম্পাদন করা একটি অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ অনুযায়ী, 2022-2023 মৌসুম চলাকালে, অলিম্পিক অথোরিটির কর্মকাণ্ড 341.8 মিলিয়ন মার্কিন ডলারের এক বছরের প্রত্যক্ষ অর্থনৈতিক প্রভাব তৈরি করেছে। পাশাপাশি, অলিম্পিক অথোরিটি 3,414টি কর্মসংস্থান সমর্থন করেছে এবং 25 মিলিয়ন মার্কিন ডলার স্টেট ও স্থানীয় কর মুনাফা অর্জন করেছে।

আগামীকাল, 6 মার্চ থেকে মাউন্ট ভ্যান হোভেনবার্গের ওয়েবসাইটে টিকেট ক্রয় করা শুরু করা যাবে। ইভেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, ওভারভিউ পেজটি এবং UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজের ওয়েবসাইট ভিজিট করুন যেখানে একটি বিস্তারিত সময়সূচি রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন